# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২৮. শয়তান কি ঈশ্বরকে প্ররোচিত করতে পারে?

শয়তান অবাধে ঈশ্বরের নিকট প্রবেশ করতে পারে এবং স্বয়ং ঈশ্বরকে খারাপ কাজে প্ররোচিত করতে পারে! “আর এক দিন ঈশ্বরের পুত্রগণ (ইবনুল্লাহগণ) সদাপ্রভুর সম্মুখে দণ্ডায়মান হইবার জন্য উপস্থিত হইলে তাঁহাদের মধ্যে শয়তানও উপস্থিত হইল। সদাপ্রভু শয়তানকে কহিলেন, তুমি কোথা হইতে আসিলে? শয়তান সদাপ্রভুকে উত্তর করিয়া কহিল, আমি পৃথিবী পর্যটন ও তথায় ইতস্তত ভ্রমণ করিয়া আসিলাম। সদাপ্রভু কহিলেন, আমার দাস ইয়োবের (আইউব) প্রতি কি তোমার মন পড়িয়াছে? কেননা তাহার তুল্য সিদ্ধ ও সরল, ঈশ্বর-ভয়শীল ও কুক্রিয়াত্যাগী লোক পৃথিবীতে কেহই নাই; সে এখনও আপন  সিদ্ধান্ত রক্ষা করিতেছে, যদিও তুমি অকারণে তাহাকে বিনষ্ট করিতে আমাকে প্রবৃত্ত করিয়াছ।” (ইয়োব ২/১-৩)

এভাবে আমরা দেখছি যে, শয়তান ঈশ্বরকেও খারাপ কাজে প্রবৃত্ত করতে পারে এবং স্বয়ং ঈশ্বরই স্বীকার করছেন যে, শয়তান তাঁকে প্রবৃত্ত করে ফেলেছে!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14296

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন